দৈনিক ইত্তেফাক

232

তারিখ ... ... অক্টো. 12.1999
পৃষ্ঠা 12 কলাম 1

সিন্ডিকেটের সিদ্ধান্ত

# ধর্মঘট আহ্বান সত্ত্বেও ১৩ ও ১৪ অক্টোবরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হইবে

বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগামী ১৩ ও ১৪ অক্টোবর অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হইবে। গতকাল (সোমবার) ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক জরুরী সভায় এই সিদ্ধান্ত

(১৫শ পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## সিন্ডিকেটের সিদ্ধান্ত

(শেষ পৃষ্ঠার পর)

গৃহীত হয়।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বর্ধিত ফি প্রত্যাহারের দাবীতে বাম ছাত্র সংগঠনগুলির সম্মিলিত জোট ৫ দল আগামী ১৩ অক্টোবর সকল বিশ্ববিদ্যালয় এবং সারাদেশের শিক্ষাঙ্গনে বিবদমান নৈরাজ্যের প্রতিবাদে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল ১৪ অক্টোবর সকল শিক্ষা প্রতিষ্ঠানে এক ছাত্র ধর্মঘটের ডাক দিয়াছে। উল্লেখ্য, এই দুইদিনে ১৮ হইতে ২০টি ডিপার্টমেন্টের প্রায় ২ হাজার ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ লইতেছে। পরীক্ষার বর্তমান সময়সূচী অনুযায়ী এই দুইদিনে পরীক্ষা অনুষ্ঠিত না হইলে পরীক্ষা দুই মাস পিছাইয়া যাইবে। এই শিক্ষাবর্ষের পরীক্ষা আগামী শিক্ষাবর্ষে যাইয়া পড়িবে এবং দূরীভূত হওয়া সেশন জট আবার শুরু হইবে। এই সকল কথা বিবেচনায় রাখিয়া সিন্ডিকেট সদস্যরা সর্বসম্মতভাবে পরীক্ষা গ্রহণ কর্মসূচী বলবৎ রাখার সিদ্ধান্ত গ্রহণ করেন। সিন্ডিকেটের সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, বিশ্ববিদ্যালয়ের সুনাম অক্ষুণ্ন রাখা, শিক্ষা কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং শিক্ষার্থিগণের সার্বিক কল্যাণের কথা বিবেচনায় রাখিয়াই পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত লওয়া হইয়াছে। এইজন্য কর্তৃপক্ষ প্রয়োজনীয় সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করিবে। —প্রেস বিজ্ঞপ্তি